3-K স্কুল ডে/ইয়ার ইন ফ্যামিলি চাইল্ড কেয়ার (FCC)

প্র: FCC-তে কখন 3-K স্কুল ডে/ইয়ার সার্ভিস প্রদান করা হয়?

উ: ফ্যামেলি চাইল্ড কেয়ার হোম-এ 3-K স্কুল ডে/ইয়ার সার্ভিস প্রদান করা হয় সেপ্টেম্বর ও জুন মাসের মধ্যে। ছেলেমেয়েরা দৈনিক 6 ঘণ্টা ও 20 মিনিট করে মোট 176 দিনের জন্য প্রোগ্রামে থাকে। পাবলিক স্কুলগুলোর বর্ষপঞ্জীতেও সমান সংখ্যক দিন ও ঘণ্টার কর্মসূচি থাকে। পাবলিক স্কুলের দিনপঞ্জিকার তারিখও অনুরূপ হওয়ার সম্ভাবনা, তবে যে পরিষেবা প্রদানকারী ও নেটওয়ার্কের কথা বিবেচনা করছেন, সুনির্দিষ্টভাবে তাদের দিনপঞ্জিকা পর্যালোচনার জন্য আপনাকে তাদের সাথে কথা বলতে এবং নিশ্চিত হতে হবে যে সেটা আপনার চাহিদা পূরণ করে।

প্র: 3-K স্কুল ডে/ইয়ার কী ফ্রি (অবৈতনিক)?

উ: হাাঁ! আপনার 3-K স্কুল ডে/ইয়ার-এর *প্রতিদিনের মোট 6 ঘণ্টা ও 20 মিনিট আসন ফ্রি* (উদাহরণস্বরূপ 8:00am থেকে 2:20pm পর্যন্ত) প্রতি বছর মোট 176 পরিষেবা দিবস)।

প্র: যদি স্কুল দিবস শুরুর পূর্বে অথবা 6 ঘণ্টা 20 স্কুলের পরে প্রতিদিন আমার শিশু তত্ত্বাবধান প্রয়োজন হয়, তাহলে কী করবো?

উ: সৌভাগ্যক্রমে পরিবারসমূহের জন্য অধিকাংশ FCC একটি সম্প্রসারিত দিবস পরিষেবা প্রদান করে (অবৈতনিক)। যদি স্কুল শুরুর আগে, স্কুল শেষে, এবং/অথবা স্কুল ছুটি বা সামার-এ আপনার বাড়তি তত্ত্বাবধানের প্রয়োজন পড়ে, তাহলে ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সরাসরি আপনার প্রোগ্রামের সাথে কথা বলতে হবে। *আপনাকে বাড়তি পরিষেবার জন্য সরাসরি প্রোগ্রামকে (FCC নেটওয়ার্ককে নয়) মূল্য পরিশোধ করতে হবে।*

প্র: 3-K-এর জন্য FCC কেনো একটি ভালো সুযোগ?

উ: অনেকগুলো কারণে FCC আপনার ও আপনার পরিবারের জন্য একটি ভালো সুযোগ।

- 1. **এটি আপনার জন্য সুবিধাজনক!** আপনার কমিউনিটিতে বহু প্রোগ্রাম আছে এবং তারা আপনার সহায়তা ও ব্যক্তিগত চাহিদা পূরণের জন্য নমনীয় ও বাড়তি সময় পরিষেবা দেয়।
- 2. বাড়ির মতো পরিবেশ। অনেক পরিবারের জন্য এটি প্রথমবারের মতো তাদের ছোট সন্তানকে স্কুলে যেতে দেওয়া। বাড়ির মতো পরিবেশ তাদেরকে নিরাপদ, আন্তরিক, এবং প্রি-K ফর অল-এর পূর্বে যা যা শেখা প্রয়োজন, তা শেখার জন্য স্বাচ্ছন্দ্যপূর্ণ পরিবেশ প্রদান করে।
- 3. **নানান বয়সের ছেলেমেয়েদের সাথে শেখা!** DOE একটি গবেষণা-ভিত্তিক পাঠ্যক্রম তৈরি করেছে যে প্রোগ্রামে আপনার 3-K ছেলেমেয়ের পাশাপাশি 6 সপ্তাহ থেকে 3 সপ্তাহ পর্যন্ত নানান বয়সের ছেলেমেয়ে যেতে পারে। *অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, কিছু FCC প্রোগ্রাম শুধু তিন বছরের ছেলেমেয়েদের পরিষেবা দেয়।
- 4. সাংস্কৃতিক ও ভাষাগতভাবে আপনাদের অনুরূপ! FCC প্রোগ্রামগুলো কমিউনিটির অভ্যন্তরে অবস্থিত। তারা সাধারণত আপনার কমিউনিটির মানুষ, সংস্কৃতি এবং ভাষার প্রতিফলন ঘটায়।

প্র: কোন ধরনের পেশাদার শিক্ষণ আমার FCC প্রদানকারী পেয়ে থাকে?

উ: মাসিক স্বাস্থ্য ও নিরাপত্তা সহায়তা, এবং কমপক্ষে চারটি বার্ষিক পেশাদারিত্ব শিক্ষা দিবস ছাড়াও আপনার পরিষেবা প্রদানকারী মাসে দুইবার তাদের FCC নেটওয়ার্ক থেকে একজনের-সাথে-একজনের শিক্ষানির্দেশনা কোচ পাবে। সকল সম্বন্ধযুক্ত প্রদানকারী ও তাদের FCC নেটওয়ার্কগুলো DOE-এর উচ্চ-গুণসম্পন্ন মান অর্জন করবে বলে প্রত্যাশিত।

প্র: কোন ধরনের পরিষেবাগুলো FCC নেটওয়ার্ক আমাকে প্রদান করবে?

উ: FCC নেটওয়ার্ক **আপনার** জন্যই কাজ করছে! আপনার কোনো প্রয়োজন হলে (যেমন কমিউনিটি সার্ভিস, পুরো পরিবারের জন্য শিক্ষাগত তথ্য-উপকরণ, স্পেশাল এডুকেশন সার্ভিস সম্পর্কে ব্যাখ্যা, সন্তান লালন-পালন, এবং অন্যান্য) আপনাকে সহায়তাদানের প্রতিশ্রুতি নিয়ে একজন ফ্যামেলি ওয়ার্কার নিয়োজিত থাকবেন।

প্র: আমার সন্তানকে 3-K স্কুল ডে/ইয়ার FCC প্রোগ্রামে কীভাবে ভর্তি করতে পারি?

উ: আপনার কমিউনিটিতে একটি প্রোগ্রাম অন্বেষণ, "Type" (শ্রেণি) (ফ্যামেলি চাইল্ড কেয়ার) (Family Child Care) অনুযায়ী প্রোগ্রাম বাছাই, এবং কোনো নির্দিষ্ট প্রোগ্রাম সম্পর্কে আরও জানতে প্রোগ্রামের তালিকাভুক্ত FCC নেটওয়ার্ক সংযোগকর্তার কাছে ফোন করতে myschools.nyc ওয়েবসাইট দেখুন।

T&I 33164 3-K School Day Year Info for Families (Bangla)





